

লোকসভা নির্বাচন-২০২৪

ভোট গণনার প্রস্তুতি খতিয়ে দেখতে সিপাহীজলা জেলা সফরে সিইও



রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক পুনিত আগরওয়াল ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের ভোট গণনার প্রস্তুতি খতিয়ে দেখতে আজ সিপাহীজলা জেলা সফর করেন। সিপাহীজলা জেলা সফরে এসে মুখ্য নির্বাচন আধিকারিক সোনামুড়া ও জম্মুইজলা মহকুমায় ভোট গণনাকেন্দ্র পরিদর্শন করেন। তাছাড়াও মুখ্য নির্বাচন আধিকারিক এদিন সিপাহীজলা জেলার জেলাশাসক কার্যালয়ে ভোট গণনার প্রস্তুতি নিয়ে এক বৈঠকে মিলিত হন। জেলা সফরে মুখ্য নির্বাচন আধিকারিক সোনামুড়া ও জম্মুইজলা মহকুমায় ভোট গণনা কেন্দ্র পরিদর্শন করেন এবং ভোট গণনার প্রস্তুতি নিয়ে আধিকারিকগণের সাথে পর্যালোচনা সভা করেন। উল্লেখ্য, আগামী ৪ জুন ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের ভোট গণনা অনুষ্ঠিত হবে।

মুখ্য নির্বাচন আধিকারিক আজ প্রথমে ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের গণনাকেন্দ্রের প্রস্তুতি খতিয়ে দেখতে সিপাহীজলা জেলার সোনামুড়া মহকুমা সফর করেন। সেখানে তিনি সোনামুড়া গার্লস স্কুলে গণনাকেন্দ্র পরিদর্শন করেন। পরিদর্শনকালে মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে ছিলেন সিপাহীজলা জেলার জেলা নির্বাচনী আধিকারিক তথা জেলাশাসক ও সমাহর্তা নাগেশ কুমার বি, জেলার এসপি বি জে রেড্ডি, অতিরিক্ত জেলাশাসক জয়ন্ত দে, সোনামুড়া মহকুমার মহকুমা শাসক অরূপ দেব সহ সংশ্লিষ্ট সকল আধিকারিকগণ। মুখ্য নির্বাচনী আধিকারিক সোনামুড়া গার্লস স্কুলে মহকুমার ২০-বল্লনগর, ২১-নলছড়, ২২-সোনামুড়া ও ২৩- ধনপুর বিধানসভা ক্ষেত্রের গণনাকেন্দ্র পরিদর্শন করেন। তিনি বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গেও কথা বলেন এবং কমিশনের গাইডলাইন অনুযায়ী তাদেরও গণনাকেন্দ্র পরিদর্শনের কথা বলেন। এছাড়াও মুখ্য নির্বাচনী আধিকারিক মিডিয়া সেন্টার ও গণনা পর্যবেক্ষকদের জন্য নির্ধারিত কক্ষ পরিদর্শন করেন ও নিরাপত্তার বিষয়গুলি খতিয়ে দেখেন।

এর পর মুখ্য নির্বাচন আধিকারিক পুনিত আগরওয়ালের সভাপতিত্বে সিপাহীজলা জেলার জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে ভোট গণনার বিষয়ে সংশ্লিষ্ট আধিকারিকদের সঙ্গে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন এডিজি জি এস রাও, জেলা নির্বাচন আধিকারিক তথা জেলাশাসক নাগেশ কুমার বি, অতিরিক্ত জেলাশাসক জয়ন্ত দে, অতিরিক্ত জেলাশাসক (পিপি) সুব্রত মজুমদার, জেলা পুলিশ সুপার বি জে রেড্ডি, অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক সুভাশিস বন্দ্যোপাধ্যায়, মহকুমা শাসকগণ, এই জেলার ৯টি বিধানসভা নির্বাচন ক্ষেত্রের অ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসারগণ সহ সংশ্লিষ্ট আধিকারিকগণ।

পর্যালোচনা সভায় জেলাশাসক নাগেশ কুমার বি পাওয়ারপয়েন্ট প্রজেক্টেশানের মাধ্যমে সিপাহীজলা জেলায় ভোট গণনার প্রস্তুতি তুলে ধরেন। পর্যালোচনা সভায় মুখ্য নির্বাচন আধিকারিক পুনিত আগরওয়াল ভোট গণনার কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সব ধরনের প্রস্তুতি নিতে সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন। ভোট গণনার আগে ও পরে সিপাহীজলা জেলায় শান্তি শৃঙ্খলা বজায় রাখার জন্য সব ধরনের ব্যবস্থা নিতেও তিনি গুরুত্ব আরোপ করেন।